ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০২

অমরপুর, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**অমরপুর নগর পঞ্চায়েত এলাকার**
**১৩৪ জনকে পূজা অনুদান**

শারদোৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্পে অমরপুর নগর পঞ্চায়েত এলাকার ১৩৪ জন ভলান্টিয়ার, দিব্যাঙ্গজন এবং ঠিকা শ্রমিককে পূজা অনুদান দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ২ লক্ষ ৪ হাজার ৯০০ টাকা।

২৫ জন ভলান্টিয়ারকে মাথাপিছু ৭০০ টাকা করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ১৭ হাজার ৫০০ টাকা। ৬৪ জন ঠিকা শ্রমিককে দেওয়া হয়েছে ১ হাজার ৬০০ টাকা করে। ব্যয় হয়েছে ১ লক্ষ ২ হাজার ৪০০ টাকা। মাথাপিছু ১ হাজার ৫০০ টাকা করে পূজা অনুদান দেওয়া হয়েছে ৪৫ জন দিব্যাঙ্গজনকে। ব্যয় হয়েছে ৬৭ হাজার ৫০০ টাকা।

*****